গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.mohpw.gov.bd

স্মারক নং-২৫.০০.০০০০.০৩১.১৪.০০৫.২৪/ ৮৬২

তারিখ ২৭/০২/১৪৩১বঃ
১০/০৬/২০২৪খ্রিঃ

**বিষয়: "ক্রয় চুক্তির ক্ষেত্রে ভেরিয়েশন সংক্রান্ত গাইডলাইন-২০২৪" প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরণের লক্ষ্যে নির্মাণ কাজের চুক্তি বহির্ভূত ভেরিয়েশন রোধ/সহনশীল পর্যায়ে রাখতে "ক্রয় চুক্তির ক্ষেত্রে ভেরিয়েশন সংক্রান্ত গাইডলাইন-২০২৪" যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

২। এমতাবস্থায়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ-কে উক্ত গাইডলাইন অনুসরণে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে গাইডলাইন ০১(এক) ফর্দ ০৬(ছয়) পাতা।

১০/০৬/২০২৪

(মোহাম্মদ খাদেমুর রহমান)
(সহকারী সচিব)
বিকল্প কর্মকর্তা
ফোনঃ ০২-২২৩৩৮৮২৮৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, সিডিএ ভবন, কোর্ট রোড, কোতয়ালী সার্কেল, চট্টগ্রাম।
৬. চেয়ারম্যান, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার।
৭. চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
৮. চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
৯. চেয়ারম্যান, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
১০. মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুসসালাম, মিরপুর।
১১. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২. নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, পরিকল্পনা শাখা-০২/০১/০৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।)
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)
০৪. অফিস কপি/মাস্টার কপি।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

ক্রয়চুক্তির ক্ষেত্রে ভেরিয়েশন সংক্রান্ত গাইডলাইন-২০২৪

---

মে, ২০২৪

১.০ প্রস্তাবনাঃ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় তার আওতাধীন নিজস্ব প্রকল্প ছাড়াও গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে অন্যান্য মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহ ডেলিগেটেড ওয়ার্কস হিসাবে বাস্তবায়ন করে থাকে। উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে ঠিকাদার/সরবরাহকারী/পরামর্শকগণের সাথে ক্রয়চুক্তি সম্পাদন ও সে মোতাবেক চুক্তি ব্যবস্থাপনার প্রয়োজন হয়। চুক্তি ব্যবস্থাপনার সময় লক্ষ্য করা যায় যে, প্রকল্প বাস্তবায়নের অনেক গুরুত্বপূর্ণ আইটেম অসতর্কতার জন্য দরপত্র হতে বাদ পড়ে, আবার অনেক ক্ষেত্রে অপ্রয়োজনীয় আইটেমসহ দরপত্র আহ্বান করা হয়। ফলশ্রুতিতে চুক্তি বাস্তবায়নের সময় ভেরিয়েশনের উদ্ভব হয়।

বেশিরভাগ ভেরিয়েশনের ক্ষেত্রে চুক্তিমুল্য বৃদ্ধি পায় এবং অনেক ক্ষেত্রে প্রকল্প ব্যয় ডিপিপিতে সংস্থানকৃত অর্থের চেয়ে বেশি হওয়ায় ডিপিপি সংশোধনের প্রয়োজন পড়ে। সামগ্রিকভাবে ভেরিয়েশনের কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পায় এবং অনেক ক্ষেত্রে পি,পি,এ, ২০০৬ এবং পি,পি,আর, ২০০৮ অনুযায়ী স্বচ্ছতা ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করা সম্ভব হয় না। প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরণের লক্ষ্যে নির্মাণ কাজের চুক্তি বহির্ভূত ভেরিয়েশন রোধ/সহনশীল পর্যায়ে রাখতে এ গাইডলাইন প্রণয়ন করা প্রয়োজন।

২.০ সংজ্ঞাঃ

বিষয় ও প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই গাইডলাইনে-

(১) "পিপিএ, ২০০৬" অর্থ পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ;

(২) "পিপিআর, ২০০৮" অর্থ পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮;

(৩) "ভেরিয়েশন", "ক্রয়কারী", অনুমোদনকারী কর্তৃপক্ষ", "ঠিকাদার", "সরবরাহকারী" "Front Loading" ও "HOPE" বলতে পিপিআর, ২০০৮ বিধিতে যা বোঝায় এই গাইডলাইনেও তাই বুঝাবে;

(৪) "কাঠামো নকশা" অর্থ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ডিজাইন ইউনিট/কারিগরী কমিটি হতে অনুমোদিত/ভেটিংকৃত নকশা অথবা গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন সার্কেল কর্তৃক ভেটিংকৃত কোন কাঠামো নকশা;

(৫) "স্থাপত্য নকশা" অর্থ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত/ভেটিংকৃত স্থাপত্য নকশা বুঝাবে;

(৬) "MEP(Mechanical, Electrical and Plumbing) নকশা" অর্থ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত/ভেটিংকৃত MEP(Mechanical, Electrical and Plumbing) নকশা;

(৭) "প্রত্যাশী সংস্থা" অর্থ অবকাঠামো ব্যবহারকারী বা নির্মাণের জন্য উদ্যোগী কোন মন্ত্রণালয়/সংস্থা/দপ্তর;

(৮) "BOQ (Bill of Quantities) বা কাজের পরিমাণগত হিসাব সম্বলিত বিবরণী" বলতে দরপত্র দলিলের সেকশন-৬ এ প্রদত্ত কার্য্যের বিভিন্ন আইটেমসমূহের তালিকা যার ওপর ভিত্তি করে দরপত্রদাতা তাদের দরপ্রস্তাব করে এবং পরবর্তীতে প্রদত্ত দরের ভিত্তিতে চুক্তিমূল্য নির্ধারিত হয়।

**৩.০ প্রয়োগ ও প্রযোজ্যতাঃ**

এ গাইডলাইন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর ও সংস্থার সরকারি/নিজস্ব তহবিল হতে অর্থ ব্যয় এবং অর্পিত ক্রয়কার্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**৪.০ জমি নির্ধারণ ও নকশা প্রণয়নঃ**

(১) দরপত্র আহ্বানের পূর্বেই প্রকল্পের জন্য জমি নির্ধারণ করতে হবে। দরপত্র আহ্বানের পর প্রকল্পের জন্য নির্ধারিত জমির স্থান পরিবর্তন করা যাবে না। তবে দরপত্র আহবানের পর উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে জমির স্থান পরিবর্তিত হলে আহবানকৃত দরপত্রের ভিত্তিতে ক্রয়প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াকরণ না করে দরপত্রটি বাতিলপূর্বক নতুন দরপত্র আহবান করতে হবে। তবে, পরিবর্তিত সাইটের কারণে আহবানকৃত দরপত্রের আইটেমসমূহের পরিবর্তন না হলে বা উক্ত কাজের জন্য অনুমোদিত প্রাক্কলিত মূল্য বৃদ্ধি না পেলে দরপত্রের কার্যক্রম চলমান রাখা যেতে পারে;

(২) বিবেচ্য জমির পার্শ্ববর্তী অবস্থান প্রদর্শন পূর্বক ডিজিটাল সার্ভে ম্যাপ প্রস্তুত করতে হবে। সাইটে ডিজিটাল সার্ভে এবং প্রত্যাশী সংস্থার অনুমোদিত চাহিদামালার ভিত্তিতে স্থাপত্য নকশা প্রণয়ন করতে হবে;

(৩) ডিজিটাল সার্ভে ম্যাপ ও প্রত্যাশী সংস্থা কর্তৃক অনুমোদিত সাইট প্ল্যান বিবেচনায় রেখে সয়েল টেস্ট করতে হবে;

(৪) ডিজিটাল সার্ভে ম্যাপ, অনুমোদিত স্থাপত্য নকশা ও সয়েল টেস্ট রিপোর্ট যথাযথভাবে বিবেচনা করে কাঠামো নকশা প্রণয়ন করতে হবে;

(৫) অনুমোদিত স্থাপত্য নকশা অনুযায়ী নতুন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়ন করতে হবে। স্থাপত্য নকশা চূড়ান্তকরণের পূর্বে সংশ্লিষ্ট কাঠামো নকশা, ই/এম নকশা ও প্লাম্বিং নকশার বিষয়ে সংশ্লিষ্ট প্রকৌশলীর মতামত গ্রহণ করতে হবে। এক্ষেত্রে প্রত্যাশী সংস্থার যথাযথ কর্তৃপক্ষের সভাপতিত্বে/সংশ্লিষ্ট সংস্থার প্রকল্প মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত সিভিল, ই/এম ও প্লাম্বিং এর সংশ্লিষ্ট প্রকৌশলী, সংশ্লিষ্ট স্থপতির সমন্বয়ে স্থাপত্য ও MEP(Mechanical, Electrical and Plumbing) নকশা এবং ম্যাটেরিয়াল ফিনিশ শিডিউল চূড়ান্ত করতে হবে এবং ডিপিপিতে তা সংযুক্ত করতে হবে;

(৬) প্রকল্প প্রস্তাব প্রণয়নের পূর্বেই প্রকল্প স্থানের ডিজিটাল সার্ভে, সয়েল টেস্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে পাইল লোড টেস্ট সম্পন্ন করে ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট এবং ব্যয় প্রাক্কলন প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে, সংস্থার পরিচালন বাজেটে সংশ্লিষ্ট কোডে পর্যাপ্ত অর্থ সংস্থানের ব্যবস্থা রাখতে হবে। এ ব্যাপারে সংস্থার প্রস্তাব মন্ত্রণালয় সুপারিশ সহকারে প্রয়োজনীয় কার্যার্থে অর্থ বিভাগে প্রেরণ করবে। প্রয়োজনে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকার আলোকে নতুন প্রকল্প প্রণয়নের পূর্বে Feasibility Study প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

**৫.০ ব্যয় প্রাক্কলন প্রস্তুত ও অনুমোদনঃ**

(১) Pile Foundation এর ক্ষেত্রে বিস্তারিত প্রাক্কলন প্রণয়নের পূর্বেই পাইল লোড টেস্ট সম্পাদন করে স্থাপনার ভিতের (Foundation) নকশা চূড়ান্ত করতে হবে;

(২) বিস্তারিত অনুমোদিত স্থাপত্য, কাঠামো ও MEP (Mechanical, Electrical and Plumbing) নকশা, অনুমোদিত ম্যাটেরিয়াল ফিনিশ শিডিউল মোতাবেক এবং সাইটের বাস্তব পরিস্থিতি বিবেচনাপূর্বক বিস্তারিত প্রাক্কলন প্রণয়ন করতে হবে এবং অনুমোদিত নকশাসমূহ প্রাক্কলনের সাথে সংযুক্ত করতে হবে। বিস্তারিত প্রাক্কলন অত্যন্ত সর্তকতার সাথে প্রস্তুত করতে হবে। প্রাক্কলন প্রস্তুতের সময় যেন কোন প্রয়োজনীয় আইটেম বাদ না পড়ে এবং অপ্রয়োজনীয় আইটেম অন্তর্ভুক্ত না হয় তা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে একটি চেকলিস্ট প্রস্তুত করে তা সংযুক্ত করতে হবে;

(৩) পিপিআর, ২০০৮ এর সংশ্লিষ্ট বিধি বিধান প্রতিপালন পূর্বক অনুমোদিত স্থাপত্য , কাঠামো ও MEP(Mechanical, Electrical and Plumbing) নকশা এবং ম্যাটেরিয়াল ফিনিশ শিডিউল বিবেচনায় নিয়ে PWD rate Schedule/ প্রকৃত বাজার দরের ভিত্তিতে ক্রয়কারী দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করবে এবং প্রস্তুতকৃত প্রাক্কলন পিপিআর-২০০৮ অনুযায়ী অনুমোদন গ্রহণ করতে হবে। বিস্তারিত প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে ডিজিটাল সিস্টেমকে অগ্রাধিকার দিতে হবে;

(৪) প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্প স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত ব্যতীত অনুমোদিত স্থাপত্য , কাঠামো ও MEP(Mechanical, Electrical and Plumbing) নকশা এবং ম্যাটেরিয়াল ফিনিশ সিডিউলে কোন পরিবর্তন আনা যাবে না;

(৫) প্রস্তাবিত স্থাপনার অভ্যন্তরীণ/বহিঃস্থ বৈদ্যুতিক প্রাক্কলন প্রস্তুতের সময় সাব-স্টেশন/জেনারেটরসহ অন্যান্য আইটেমের কাজের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ডিজাইন/ড্রইং অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করতে হবে।

(৬) নকশা প্রণয়ন/দরপত্র দলিল প্রণয়ন/নির্মাণ কাজে ইচ্ছাকৃত কোন ত্রুটি পরিলক্ষিত হলে তার জন্য যে বা যারা দায়ী হবেন (সংশ্লিষ্ট প্রকৌশলী/স্থপতি/ঠিকাদার) তার/তাদের বিরুদ্ধে আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৬.০ দরপত্র প্রক্রিয়াকরণ ও চুক্তি ব্যবস্থাপনাঃ**

(১) ভবন নির্মাণের ক্ষেত্রে সিভিল, স্যানিটারি ও অভ্যন্তরীণ/বহিঃস্থ বিদ্যুতায়নসহ অন্যান্য সকল আইটেমসমূহ এবং অন্যান্য অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে সকল আইটেমসমূহ বিবেচনায় নিয়ে বিস্তারিত প্রাক্কলন প্রণয়ন পূর্বক পিপিআর-২০০৮ এর বিধান অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

(২) অনুমোদিত বিস্তারিত প্রাক্কলনের ওপর ভিত্তি করে দরপত্রের BOQ (Bill of Quantities) প্রস্তুত করতে হবে;

(৩) নির্মাণ চুক্তিতে যে সকল আইটেমের একক দর অনুমোদিত প্রাক্কলনে উল্লিখিত একক দরের চেয়ে বেশি হবে, ঠিকাদারকে চলতি বিল প্রদানকালে সেসকল আইটেমের বিল অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী পরিশোধ করতে হবে। এক্ষেত্রে ঠিকাদারের অবশিষ্ট পাওনা নির্মাণ কাজের বিল চূড়ান্তকরণের সময় পরিশোধ করতে হবে, যা ঠিকাদারের সাথে সম্পাদিতব্য চুক্তিতে উল্লেখ করতে হবে। তবে বিষয়টি নির্মাণ কাজের আইটেমভিত্তিক একক দর উদ্ধৃতকরণে ঠিকাদারদের অবহিত/সচেতন করতে হবে;

(৪) স্থাপনা নির্মাণের সময় স্থাপত্য , কাঠামো ও MEP(Mechanical, Electrical and Plumbing) নকশা, ফিনিশ শিডিউল এবং বিস্তারিত প্রাক্কলন বিবেচনায় রেখে নির্মাণ কাজ সম্পাদন করতে হবে এবং লক্ষ্য রাখতে হবে যেন অহেতুক কোন ভেরিয়েশনের উদ্ভব না হয়। প্রকল্প ব্যবস্থাপনার ক্ষেত্রে সম্পাদিত কাজের পরিমাপ গ্রহণ, বিল প্রস্তুত, অগ্রগতি তদারকি ইত্যাদি কাজে অনলাইন প্রজেক্ট মনিটরিং সিস্টেম ব্যবহার করতে হবে, যেন কাজের Less/Excess, Variation ইত্যাদি Software System থেকে Auto Generate করা যায়;

(৫) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পূর্বানুমোদন ব্যতিত অতিরিক্ত কার্যাদেশ (Variation Order) প্রদান করা যাবে না এবং ঠিকাদার কর্তৃক কাজও শুরু করা যাবে না। অনুমোদন ব্যতিত কাজ সম্পাদন করা হলে তা ঘটনাত্তোর হিসেবে বিবেচিত হবে এবং ঘটনাত্তোর কোন কাজের অনুমোদন প্রদান করা হবে না। তবে জনসেবা বিঘ্নিত হয় বা জীবন ও সম্পত্তি বা উভয়ের ক্ষতির সম্ভবনা দেখা দেয় এমন পরিস্থিতিতে উদ্ভুত পরিস্থিতি বিবেচনায় নিয়ে অর্থের সংস্থান থাকা সাপেক্ষে HOPE প্রকল্পের steering Committee'র সুপারিশ গ্রহণপূর্বক কার্য সম্পাদন শুরুর আদেশ প্রদান করিতে পারিবেন। সে ক্ষেত্রে আদেশ প্রদান বা কাজ শুরুর অব্যবহিত পরপরই এ ধরণের ভেরিয়েশন প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে;

(৬) নতুন কাজ, যা মূল চুক্তিতে অন্তর্ভুক্ত নেই এমন কাজ মূল চুক্তিকৃত কাজ সম্পাদনের জন্য নির্ভরশীল না হলে এবং উক্ত নতুন কাজের ভেরিয়েশন প্রস্তাবটি অনুমোদনকারী HOPE বা মন্ত্রণালয় বা CCGP হইলে তা সম্পাদনে নতুন করে দরপত্র আহ্বান করতে হবে;

(৭) Front Loading যুক্ত আইটেমের ক্ষেত্রে সাধারণত Variation order দেয়া যাবে না। তবে ক্ষেত্রবিশেষে একান্ত অপরিহার্যতা বিবেচনায় তা করা যেতে পারে। সেক্ষেত্রে একান্ত অপরিহার্যতার বিষয়ে HOPE প্রত্যয়নপত্র প্রদান করবেন। HOPE নিজে অনুমোদনকারী হলে তিনি অপরিহার্যতা বিষয়ে সন্তুষ্ট হয়ে অনুমোদন করবেন;

(৮) Front Loading যুক্ত আইটেম এর Variation মূল্য চুক্তি সম্পাদনকালীন বিদ্যমান PWD Rate Schedule অনুযায়ী নির্ধারণ করতে হবে। কোনভাবেই ঠিকাদারের উদ্ধৃত মূল্যে Front Loading যুক্ত আইটেমের মূল্য পরিশোধ করা যাবে না। চুক্তি বহির্ভূত নতুন আইটেমের মূল্য নির্ধারণে পিপিআর-২০০৮ এর বিধি ৮০(খ) প্রযোজ্য হইবে।

(৯) প্রত্যাশী সংস্থার মাঠ পর্যায়ের কোন প্রতিনিধি বা কর্তৃপক্ষের মৌখিক বা লিখিত অনুরোধে অনুমোদিত নকশা এবং ফিনিস শিডিউল পরিবর্তন বা পরিমার্জন করা যাবে না;

(১০) অনিবার্য কারণে কোন ধরণের ভেরিয়েশন উদ্ভব হলে তা সম্পাদন ও বাস্তবায়নে পিপিআর, ২০০৮ এর সংশ্লিষ্ট বিধিসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

পৃ:৪/৫

(১১) বছরান্তে বিভিন্ন দপ্তর/সংস্থাসমূহ হতে আগত ভেরিয়েশনসমূহ যাচাই-বাছাই পূর্বক ভেরিয়েশনের কারণসমূহ পর্যালোচনা করতে হবে। অপরিহার্য ক্ষেত্রে ভেরিয়েশনের কারণসমূহ যৌক্তিক বিবেচিত হলে তা বিবেচনায় নিয়ে ভেরিয়েশন গাইডলাইন সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হবে। বিবেচ্য কাজের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অদক্ষতার কারণে অযাচিতভাবে ভেরিয়েশনের উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের বার্ষিক মূল্যায়নের সময় তা যথাযথভাবে প্রতিফলিত করতে হবে।

**৭.০ গাইডলাইনের প্রাধান্যতা:**

গাইডলাইনের কোন অংশই গণকর্মচারী আচরণ বিধিমালা-২০১৮, সচিবালয় নির্দেশমালা-২০১৪, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮, সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টাল কোড, সিপিডব্লিউ একাউন্টস কোড, জেনারেল ফিন্যান্সিয়াল রুলস, পিডব্লিউডি কোড অব প্র্যাকটিস এন্ড বুক অব স্পেসিফিকেশন, পাবলিক প্রকিউরমেন্ট রুলস- ২০০৮ সহ অর্থ বিভাগের আনুষঙ্গিক এবং প্রয়োগযোগ্য বিধি-বিধান এর সাথে সাংঘর্ষিক হবে না এবং উপরোক্ত বিধিসমূহে ভিন্নরূপ কিছু থাকলে উক্ত আইন ও বিধি প্রাধান্য পাবে।

**৮.০ স্পষ্টীকরণ:**

এই গাইডলাইনের কোন বিষয়ে অস্পষ্টতা প্রতীয়মান হলে বা একারণে কার্য সম্পাদনের অসুবিধা দেখা দিলে, সরকার (এ ক্ষেত্রে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়) অস্পষ্টতার বিষয়ে স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক পরবর্তী করণীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে পারবে।

**৯.০ সংযোজন, পরিমার্জন ইত্যাদি:**

প্রয়োজনের প্রেক্ষিতে সময়ে সময়ে এ গাইডলাইন পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন বা সংশোধন করার এখতিয়ার মন্ত্রণালয় সংরক্ষণ করবে।

**১০.০ গাইডলাইনের লঙ্ঘনঃ**

এ গাইডলাইনের কোন অনুচ্ছেদ লঙ্ঘন করলে বা লঙ্ঘন করার উদ্যোগ গ্রহণ করলে উক্ত লঙ্ঘন এর কারণে প্রশাসনিক বা আর্থিক জটিলতার জন্য লঙ্ঘনকারীকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে এবং উক্ত লঙ্ঘনের কারণে উদ্ভূত জটিলতার দায়দায়িত্ব নিরূপণপূর্বক দায়ী ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিরুদ্ধে আর্থিক বা প্রশাসনিক অনিয়মের বিষয়ে গুরূত্ব বিবেচনায় সরকারের প্রচলিত আইন ও বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।